

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০২ আশ্বিন ১৪২৫ বঃ/১৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

নং ৩০.০০.০০০০.০১৪.১১.০০২.২০১৬-৬৪৭—বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতাধীন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বাংলাদেশ এর সিএনএস-এটিএম (রাডারসহ) সংক্রান্ত যন্ত্রপাতি জি টু জি পদ্ধতিতে ক্রয়ের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৪ জানুয়ারি ২০১৬ খ্রিঃ তারিখের ৩৬ নং পরিপত্র অনুযায়ী নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

(ক) কমিটি গঠন :

১	অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), এ মন্ত্রণালয়	- সভাপতি
২	অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব)	- সদস্য
৩	প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব)	- সদস্য
৪	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব)	- সদস্য
৫	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব)	- সদস্য
৬	জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব)	- সদস্য
৭	সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	- সদস্য
৮.	পরিচালক (ফ্লাইট সেইফটি এন্ড রেগুলেশন), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	সদস্য
৯.	যুগ্ম-সচিব (সিএ), এ মন্ত্রণালয়	সদস্য-সচিব

(১২১৯১)

মূল্য : টাকা ৪.০০

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) G টু G পদ্ধতিতে কোন বিদেশি সরকার বা অন্য দেশের সরকারি প্রতিষ্ঠান থেকে তাদের প্রস্তাবিত দ্রব্য বা সেবা ক্রয় করা সমীচীন কিনা তা বাছাই করা।
- (২) টেকনিক্যাল কমিটির সাথে পরামর্শ করে এই কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের মূল্য নির্ধারণ করবে যা বিধি মোতাবেক সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য উপস্থাপিত হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রোকসিন্দা ফারহানা

সিনিয়র সহকারী সচিব।